

## রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ সামিট অয়েল এন্ড শিপিংয়ের নতুন ব্যবস্থাপনা পরিচালক



(ঢাকা) ২২শে মার্চ ২০২১, সোমবার: বাংলাদেশের বেসরকারি খাতে প্রথম জ্বালানি তেল আমদানিকারক, পরিবেশক ও সরবরাহকারী প্রতিষ্ঠান -- সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লিমিটেডের ব্যবস্থাপনা পরিচালক হিসেবে যোগ দিলেন রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ, ওএসপি, বিএসপি, এনডিইউ, এএফডব্লিউসি, পিএসসি (অবঃ)। পহেলা মার্চ ২০২১ থেকে তাঁর এই নিয়োগ কার্যকর হয়েছে। এছাড়া রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ সামিট গ্রুপ অফ কোম্পানীজের উপদেষ্টা মন্ডলীর একজন এবং সামিট অ্যালায়েন্স পোর্ট লিমিটেডের (এসএপিএল) স্বতন্ত্র পরিচালক।

সামিট গ্রুপ অফ কোম্পানীজের চেয়ারম্যান মুহাম্মদ আজিজ খান তাঁর যোগদান প্রসঙ্গে বলেন, “রিয়ার এডমিরাল রিয়াজউদ্দীন আহমেদ একজন নিষ্ঠাবান, পরিশ্রমী, বুদ্ধিসম্পন্ন ও জ্ঞানী ব্যক্তিত্ব। সামিটের জ্বালানি এবং বন্দর ব্যবসার নেতৃত্বে তাঁকে পেয়ে আমরা অত্যন্ত আনন্দিত। আমরা আশাবাদী তিনি সামিটের বাংলাদেশে সামিটের উভয়জ্বালানি এবং বন্দর খাতে পরিকল্পিত ব্যবসা সম্প্রসারণে গুরুত্বপূর্ণ অবদান রাখবেন।” অন্যদিকে, এসওএসসিএল-র সাবেক ব্যবস্থাপনা পরিচালক এম হাফিজুর রহমান প্রতিষ্ঠানটির উপদেষ্টা পদমর্যাদায় দায়িত্ব পালন করছেন।

বাংলাদেশ নৌবাহিনীতে বিশিষ্ট কর্মজীবনে রিয়াজউদ্দীন আহমেদ বাংলাদেশ নৌবাহিনীর বিভিন্ন জাহাজ এবং সংস্থা, স্বশস্ত্র বাহিনী বিভাগ (এএফডি) এবং প্রতিরক্ষা ক্রয় মহাপরিদপ্তরে (ডিজিডিপি) দায়িত্ব পালন করেছেন। এছাড়াও রিয়ার এডমিরাল রিয়াজ খুলনা শীপইয়ার্ডের ব্যবস্থাপনা পরিচালক এবং আন্তর্জাতিক পোর্টস অ্যান্ড হারবার্স (আইএপিএইচ) এর পদে থাকাকালে চট্টগ্রাম বন্দর কর্তৃপক্ষ এবং মংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান ছিলেন। তিনি বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় হতে নেভাল আর্কিটেকচার এন্ড মেরিন ইঞ্জিনিয়ারিং বিভাগে স্নাতক সম্পন্ন করেছেন।

**সংক্ষেপে সামিট অয়েল এন্ড শিপিং কোম্পানী লি: (এসওএসসিএল):** ১৯৯৮ সালে প্রতিষ্ঠিত, সামিট অয়েল এন্ড শিপিং, সামিট গ্রুপের একটি অঙ্গপ্রতিষ্ঠান এবং বেসরকারি খাতে বাংলাদেশের শীর্ষস্থানীয় জ্বালানি তেল আমদানিকারক ও সরবরাহকারী প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটির অথারাইজড এবং পেইড-আপ ক্যাপিটাল যথাক্রমে ২ বিলিয়ন টাকা এবং ৫০০ মিলিয়ন টাকা। এসওএসসিএল দীর্ঘমেয়াদী ক্রেডিট রেটিং (ঋণমান) এ প্লাস। ক্রেডিট রেটিং এজেন্সি ক্রিসেল এই স্বীকৃতি দিয়েছে।

বিস্তারিত জানতে ভিজিট করুন [www.soscl.net](http://www.soscl.net), অথবা অনুসরণ করুন ফেইসবুক।

**মিডিয়া অনুসন্ধানের জন্য:**

মোহসেনা হাসান | ইমেইল: [mohsena.hassan@summit-centre.com](mailto:mohsena.hassan@summit-centre.com) | মোবাইল +৮৮০১৭১৩০৮১৯০৫